বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং বাকাশিবো/(প-২)/৭০৯/২২৮৫ তারিখঃ ০৮-০২-২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়নগঞ্জ ২০১৪-২০১৫ **সেশনের** ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের ১ম পর্ব পরিপূরক **পরীক্ষা আগামী ২১ মার্চ ২০১৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার** হতে উক্ত **প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে**। জানুয়ারী'২০১৬ মাসে অনুষ্ঠিত ১ম পর্ব সমাপনী পরীক্ষায় শুধুমাত্র এক/দুই বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীরাই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

পরীক্ষার বিস্তাারিত সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েব সাইটেও দেখা যাবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩ (অফিস)

২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান মোতাবেক উক্ত শিক্ষাক্রমের সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মানবন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং অত্র বোর্ডে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হল।

১. পরীক্ষার ফরম পুরণের নিয়মঃ

১.১ ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের ১ম পর্বের ফরম পূরণ Online এ সম্পন্ন করিতে হবে।

১.২ ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের **১ম** পর্ব পরীক্ষার্থীদের জন্য পরীক্ষার্থীদের স্বাক্ষর যুক্ত প্রিন্টআউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসাবে বিবেচ্য হবে। উক্ত শিক্ষাক্রমের **১ম পর্ব** সমাপনী পরীক্ষার প্রিন্টআউট কপি **নির্ধারিত (অনুচ্ছেদ ৩.৭) তারিখ অনুযায়ী** অত্র বোর্ডের Website হতে সংগ্রহ করতে হবে। **উল্লেখ্য,** Website হতে সংগ্রহকৃত **প্রিন্টআউট কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে কোন সমস্যায় প্রিন্টআউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।**

১.৩ **১ম** পর্ব পর্বের প্রত্যেক পরিপূরক পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট টেকনোলজির প্রতিষ্ঠান ভিত্তিক লিথু বিহীন খাতায় পরীক্ষা দিতে হবে।

২. পরীক্ষার ফি-সমূহের হারঃ

ক্রমিক নং	ফি এর বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	পরীক্ষার ফি	২২৫/-	বোর্ড প্রাপ্য
২	কেন্দ্র ফি	২০০/-	কেন্দ্র পাবে
৩	নম্বরপত্র ফি	৫০/-	প্রতিষ্ঠান পাবে

৩. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলিঃ

৩.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরিপূরক পরীক্ষার ফি-এর অর্থ **সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের** যে কোন শাখা হতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা** এর অনুকূলে প্রদান করতঃ ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফটটি **সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা, ঢাকা/সোস্যাল ইসলামী ব্যাংক, রোকেয়া স্মরনী শাখা, ঢাকা** হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৩.২ পরীক্ষার্থীদের প্রিন্টআউট কপি এবং পরীক্ষার ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.৩ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট প্রিন্টআউট কপি বা নির্ধারিত ফি ব্যতিত ফরমপূরণ সরাসরি নাকচ করা হবে।

৩.৪ ১ম পর্বের পরীক্ষার ফি বাবদ অদায়কৃত অর্থের অর্ধাংশ (অবশিষ্ট শতকরা পঞ্চাশ ভাগ) শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিলে (ব্যাংক একাউন্টে) জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল সত্মরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই অত্র অফিসের জারিকৃত প্রবর্তিত সম্মানী/পারিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিবের বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৫ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহনযোগ্য নহে।

৩.৬ নিম্ন বর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবে। প্রতি বিষয়ের পরীক্ষার্থীর সংখ্যা সমবলিত একটি মুখপত্র সংযোজন করা আবশ্যক।

ক্রমিক নং	পরীক্ষার্থীদের নাম	রোল নমবর ও শিফট	রেজিঃ নমবর ও সেশন	পরীক্ষার ফি	বিলমব ফি	মমত্মব্য

৩.৭ নিম্নের ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষা প্রতিষ্ঠানে ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলমব ফিসহ (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	সকল ব্যাংক ড্রাফট, প্রিন্টাউট কপি জমা / গ্রহণের শেষ তারিখ	অত্র বোর্ডের website এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রামত্ম প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ
২২-০২-২০১৬	২৩-০২-২০১৬	২৯-০২-২০১৬	২২-০২-২০১৬ হতে ২৩-০২-২০১৬	১৬-০৩-২০১৬

৩.৮ পরিপূরক পরীক্ষার প্রিন্টআউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিষ্ট্রার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.৯ পরীক্ষা সংক্রামত্ম সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক (দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা) বরাবরে প্রেরণ করতে হবে।

৪. অন্যান্য শর্তাবলীঃ

৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও প্রিন্টআউট কপিসমূহ ৩.৬ অনুচ্ছেদ মোতাবেক প্রনীত বিবরণী একটি ফরোয়ার্ডিং (চিঠি) এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে প্রেরণ করা বর্জনীয়)।

৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে প্রিন্টআউট কপি বোর্ডে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়মবনা হতে পরিত্রানের লক্ষ্যে প্রিন্টআউট কপি ও অফিসের অর্থ ৩.৭ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণই শ্রেয়।

৪.৩ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে পরিপূরক পরীক্ষার্থীদের প্রিন্টআউট কপিতে স্বাক্ষরের বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪.৪ অনলাইনে তথ্য এন্ট্রি করার সময় পরিপূরক পরীক্ষার বিষয় কোড উল্লেখ করতে হবে।

৪.৫ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে পাঠাতে হবে এবং পরবর্তী পরীক্ষার খাতা গ্রহণের সময় পূর্বের খাতা সমন্বয় করে খাতা গ্রহণ করতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না।

স্মারক নং বাকাশিবো/(প-২)/৭০৯/২২৮৫(১৫) তারিখঃ ০৮-০২-২০১৬ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২-৫. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়নগঞ্জ।
৭. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website এ প্রকাশের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)। [দৃষ্টি আকর্ষণঃ সহকারি প্রোগ্রামার (সার্টিফিকেট ইন মেরিন ট্রেড পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত)]
৮. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯-১০. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৯১১৮৭৭৬